

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৫, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ মাঘ, ১৪২২/২৫ জানুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১২ মাঘ, ১৪২২/২৫ জানুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত
হইয়াছে :—

বা. জা. স. বিল নং ০৬/২০১৬

The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের ধারা ২, ১ জুলাই ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ধারা ৩, ৪, ৫, ৬ ও ৭, ১ জুলাই ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

২। **Act No. IV of 1973** এর **section 3** এর সংশোধন।—The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 তে উল্লিখিত “53,100”, “47,800” এবং “45,150” সংখ্যা ও কমার পরিবর্তে যথাক্রমে “1,05,000”, “92,000” এবং “86,500” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

(৮৪১)

মূল্য : টাকা ৪.০০

৩। **Act No. IV of 1973** এর **section 5** এর সংশোধন।—উক্ত Act এর section 5 এ উল্লিখিত “6,000”, “4,000” এবং “3,000” সংখ্যা ও কমার পরিবর্তে যথাক্রমে “10,000”, “7,500” এবং “5,000” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৪। **Act No. IV of 1973** এর **section 7** এর সংশোধন।—উক্ত Act এর section 7 এর—

(ক) sub-section (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(3) If a Minister, Minister of State or Deputy Minister resides in a house other than his official residence, he shall be entitled to receive;

(a) as house rent an amount of—

(i) Taka 80,000 per mensem, in the case of a Minister;

(ii) Taka 70,000 per mensem, in the case of a Minister of State or Deputy Minister; and

(b) every year for maintenance of such house, an amount equivalent to three months house rent admissible to him under this section; and

(c) all costs for supply of electricity, gas, water, telephone and the like at such residence.”; এবং

(খ) sub-section (4) বিলুপ্ত হইবে।

৫। **Act No. IV of 1973** এর **section 9** এর সংশোধন।—উক্ত Act এর section 9 এ উল্লিখিত “5,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “8,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৬। **Act No. IV of 1973** এর **section 10** এর সংশোধন।—উক্ত Act এর section 10 এর—

(ক) sub-section (1) এ উল্লিখিত “750” সংখ্যার পরিবর্তে “2,000” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) sub-section (2) এ উল্লিখিত “600” সংখ্যার পরিবর্তে “1,500” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৭। **Act No. IV of 1973** এর **section 16** এর সংশোধন।—উক্ত Act এর section 16 এর sub-section (1) এর —

(a) clause (a) তে উল্লিখিত “4,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “10,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে;

- (b) clause (b) তে উল্লিখিত “3,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “7,50,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং
- (c) clause (c) তে উল্লিখিত “3,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “5,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

জাতীয় বেতন স্কেল, ২০১৫ মন্ত্রিসভা কর্তৃক অনুমোদন এবং দেশের সামগ্রিক আর্থ-সামাজিক পরিপ্রেক্ষিত বিবেচনায় মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের বেতন ও অন্যান্য সুবিধা সামঞ্জস্যপূর্ণ করিয়া পুনর্নির্ধারণের লক্ষ্যে The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 অধিকতর সংশোধনের জন্য এই বিল উপস্থাপন করা হইল।

বেগম মতিয়া চৌধুরী
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সচিব।